

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৩

১১ ফাল্গুন ১৪২৬

তারিখঃ -----

২৪ ফেব্রুয়ারি ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ/বিনিয়োগ এর সুদ/মুনাফা হার যৌক্তিকীকরণ প্রসংগে।

লক্ষ্য করা গিয়েছে যে, বর্তমানে ব্যাংকের ঋণ/বিনিয়োগ এর উচ্চ সুদ/মুনাফা হার দেশের ক্ষুদ্র, মাঝারী ও বৃহৎ শিল্পসহ ব্যবসা ও সেবা খাতের বিকাশে প্রধান অন্তরায় হিসাবে দাঁড়িয়েছে। ব্যাংক ঋণ/বিনিয়োগ এর সুদ/মুনাফা হার উচ্চ মাত্রার হলে সংশ্লিষ্ট শিল্প, ব্যবসা ও সেবা খাতের প্রতিষ্ঠানসমূহের উৎপাদন খরচ বৃদ্ধি পায় এবং উৎপাদিত পণ্য বাজারজাতকরণে প্রতিযোগিতামূলক সুবিধা থেকে বঞ্চিত হয়। ফলে শিল্প, ব্যবসা ও সেবা প্রতিষ্ঠানসমূহ কখনো কখনো প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হয় বিধায় সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ যথাসময়ে ব্যাংক ঋণ/বিনিয়োগ পরিশোধে সমর্থ হয় না। ব্যাংকিং খাতে ঋণ শৃংখলা বিঘ্নিত হয় এবং সার্বিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়।

২। বর্গিত শ্রেণীতে শিল্প, ব্যবসা ও সেবা প্রতিষ্ঠানসমূহের স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে অধিক সক্ষমতা অর্জনসহ শিল্প ও ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি, কর্মসংস্থান বৃদ্ধি, ঋণ/বিনিয়োগ পরিশোধে সক্ষমতা এবং কাজক্ষিত জিডিপি প্রবৃদ্ধি অর্জন এর লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(ক) ক্রেডিট কার্ড ব্যতীত অন্যান্য সকল খাতে অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ এর উপর সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯% নির্ধারণ করা হলো;

(খ) কোন ঋণ/বিনিয়োগ এর উপর উল্লিখিতভাবে সুদ/মুনাফা হার ধার্য করার পরও যদি সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতা খেলাপি হিসেবে চিহ্নিত হয় সেক্ষেত্রে যে সময়কালের জন্য খেলাপি হবে অর্থাৎ মেয়াদী ঋণ/বিনিয়োগ এর ক্ষেত্রে খেলাপি কিস্তি এবং চলতি মূলধন ঋণ/বিনিয়োগ এর ক্ষেত্রে মোট খেলাপি ঋণ/বিনিয়োগ এর উপর সর্বোচ্চ ২% হারে দণ্ড সুদ/অতিরিক্ত মুনাফা আরোপ করা যাবে;

(গ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণের বিদ্যমান সর্বোচ্চ সুদ/মুনাফা হার ৭% অপরিবর্তিত থাকবে;

(ঘ) উপরে ২(ক) এ বর্ণিত সুদ/মুনাফা এবং প্রযোজ্য ক্ষেত্রে ২(খ) এ বর্ণিত দণ্ডসুদ/অতিরিক্ত মুনাফা ব্যতিরেকে ঋণ/বিনিয়োগ এর উপর অন্য কোন সুদ/মুনাফা/দণ্ডসুদ/অতিরিক্ত মুনাফা আরোপ করা যাবে না।

৩। চলতি বছর হতে ব্যাংকের মোট ঋণ/বিনিয়োগ স্থিতির মধ্যে এসএমই'র ম্যানুফ্যাকচারিং খাতসহ শিল্প খাতে প্রদত্ত সকল ঋণ/বিনিয়োগ স্থিতি অব্যবহিত পূর্ববর্তী ৩ বছরের গড় হারের চেয়ে কোনভাবেই কম হতে পারবে না।

৪। ১ এপ্রিল, ২০২০ তারিখ হতে এ নির্দেশনা কার্যকর হবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২